গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.৩২.০০১.২২- ৪৬ তারিখ: ২২/০৮/২০২৩

## আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) গবেষণা বৃত্তি ২০২৩-২০২৪

## আবেদনপত্র জমাদানের নির্দেশিকা

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)-এর ভাষা, গবেষণা ও পরিকল্পনা বিভাগের আওতায় বিভিন্ন ক্যাটেগরিতে গবেষণাবৃত্তি প্রদানের নিমিত্ত বাংলাদেশে স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট-এ এমফিল, পিএইচডি ও পোস্ট-ডক্টোরাল প্রোগ্রামে ভর্তিকৃত দেশি-বিদেশি গবেষকগণের নিকট থেকে আমাই গবেষণা নীতিমালা ২০২২ অনুযায়ী নির্ধারিত ফরমে নিম্নে বর্ণিত যোগ্যতা ও শর্তাবলির আলোকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

১. আবেদনকারীকে অবশ্যই বাংলা ভাষাসহ পৃথিবীর বিভিন্ন ভাষা আন্দোলনের ইতিহাস; ভাষার ইতিহাস তথা বিবর্তন; ভাষার সংরক্ষণ ও আন্তর্জাতিকীকরণে তথ্য-প্রযুক্তির ব্যবহার; ভাষাশিক্ষণ ও ভাষা অর্জন; ভাষার সঙ্গে যুক্ত শিক্ষা, সাহিত্য, সংস্কৃতি, ইতিহাস, রাজনীতি, ঐতিহ্য ও মানবসম্পদ উন্নয়ন; দেশ-বিদেশের নৃ-গোষ্ঠীসমূহের মাতৃভাষা ও উপভাষা এবং বিপন্ন ও বিলুপ্তপ্রায় ভাষাসমূহ সংগ্রহ, সংরক্ষণ, প্রমাণীকরণ, প্রমিতায়ন, পুনরুজ্জীবন, অবয়ব তৈরি ইত্যাদি সম্পর্কিত বিষয়ে আগ্রহী হতে হবে;

২. গবেষণার ক্যাটেগরি

(ক) পেশাগত গবেষণার ক্ষেত্রে স্বল্প পরিসরে গবেষণা (ছয় মাস) ও বৃহৎ পরিসরে গবেষণার (দশ মাস) ক্ষেত্রে গবেষণার প্রয়োজনীয় অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞানসম্পন্ন যেকোনো গবেষক এ গবেষণা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। 'আমাই'-এ কর্মরত যেকোনো কর্মকর্তা, বিশেষ যোগ্যতাসম্পন্ন কর্মচারি এ গবেষণা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। উভয় ক্ষেত্রে গবেষণা ব্যবস্থাপনা কমিটি আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ও গবেষণার অভিজ্ঞতা বিচার করে গবেষণাবৃত্তি চূড়ান্ত করবেন। এ গবেষণা কার্যক্রম গবেষক নিজে গবেষণা নীতিমালা অনুযায়ী পরিচালনা করবেন এবং আমাই-এর গবেষণাসংশ্লিষ্ট কমিটি নিয়মিত পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান করবেন;

(খ) ফেলোশিপ গবেষণার ক্ষেত্রে সরকারি কর্মকর্তা (চল্লিশোর্ধ্ব), অবসরপ্রাপ্ত কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়/কলেজের অধ্যাপক/সহযোগী অধ্যাপক, অভিজ্ঞ গবেষক এবং কোনো গবেষণামূলক প্রতিষ্ঠানে কর্মরত গবেষক এই বৃত্তির জন্য আবেদন করতে পারবেন। এ ধরনের গবেষণায় গবেষকের এমফিল/পিএইচডি ডিগ্রি এবং কোনো স্বীকৃত (ISSN নম্বরধারী) ও peer-reviewed গবেষণা পত্রিকায় সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২ (দুই)-টি প্রকাশনা থাকতে হবে। ইনস্টিটিউটে কর্মরত কর্মকর্তা, যোগ্যতাসম্পন্ন কর্মকর্তা/কর্মচারি এ গবেষণা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন এবং আবেদনপত্রের সাথে উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে। এ গবেষণা কার্যক্রমের ক্ষেত্রেও গবেষক নিজে গবেষণা নীতিমালা অনুযায়ী পরিচালনা করবেন এবং আমাই-এর গবেষণাসংশ্লিষ্ট কমিটি নিয়মিত পর্যবেক্ষণ ও তত্ত্বাবধান করবেন;

(গ) এমফিল ও পিএইচডি গবেষণার ক্ষেত্রে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কার্যক্রমের সঙ্গে সম্পর্কিত উল্লিখিত বিষয় নিয়ে কোনো ব্যক্তি/গবেষক ইতোমধ্যেই কোনো স্বীকৃত দেশি/বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে এমফিল ও পিএইচডি প্রোগ্রাম-এ ভর্তির আমন্ত্রণ (offer letter) লাভে সক্ষম হয়েছেন এবং উপযুক্ত কর্তৃপক্ষ/তত্ত্বাবধায়ক কর্তৃক এ মর্মে অনুমোদন প্রাপ্ত হয়েছেন এরূপ ব্যক্তি/গবেষক এ গবেষণা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন এবং আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিবেন;

(ঘ) পোস্ট-ডক্টোরাল গবেষণার ক্ষেত্রে স্বীকৃত কোনো দেশি বা বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন এবং স্বীকৃত গবেষণা জার্নালে কমপক্ষে ২ (দুই)-টি প্রকাশনা আছে – এরূপ ব্যক্তি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর কার্যক্রমের সঙ্গে সম্পর্কিত বিষয়ে এ গবেষণা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন এবং আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিবেন;

৩. আবেদনকারী কর্তৃক অন্য কোনো বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট-এর অর্থায়নে গবেষণাকর্ম চলমান থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না।

৪. একই গবেষণা প্রস্তাব একাধিক ক্যাটেগরিতে দাখিল করা যাবে না;

৫. আমাই-এর অর্থায়নে পরিচালিত সকল পূর্ণকালীন (ফেলোশিপ, এমফিল, পিএইচডি, পোস্ট-ডক্টোরাল) গবেষণায় মনোনীত গবেষক(গণ) উক্ত গবেষণাকর্ম চূড়ান্তভাবে জমা না হওয়া পর্যন্ত অন্য কোনো বা নতুন কোনো গবেষণাকর্মে নিয়োজিত হতে পারবেন না;

৬. পেশাগত ও ফেলোশিপ বৃত্তিপ্রাপ্ত গবেষক/গবেষকগণ গবেষণা চলাকালীন অন্য কোনো দেশে ভ্রমণ/অবস্থান করার প্রয়োজন হলে আমাই কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করবেন;

৭. সংশ্লিষ্ট গবেষককে গবেষণা বৃত্তির অর্থ ব্যয় ও গবেষণাকর্ম বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমে গবেষণা নীতিমালায় উল্লিখিত সকল শর্ত/নির্দেশনা অবশ্যই অনুসরণ করবেন;

৮. আবেদনকারীকে আবশ্যিকভাবে নির্ধারিত আবেদন ফরম (আমাই ওয়েবসাইট- www.imli.gov.bd -এ আপলোডকৃত) পূরণপূর্বক তাঁর জীবনবৃত্তান্ত এবং গবেষণাকর্ম/প্রকাশনার তালিকা (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিবেন;

৯. গবেষককে গবেষণা প্রস্তাবের সফ্ট কপি MS Word ও PDF ফরম্যাটে imli.moebd@gmail.com ই-মেইল এ প্রেরণ করবেন;

১০. আবেদনকারীকে মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর অনুকূলে যেকোনো তফসিলি ব্যাংকের যেকোনো শাখা থেকে ইস্যুকৃত ১,০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট আবেদনপত্রের সঙ্গে জমা দিবেন;

১১. আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করবেন (প্রযোজ্য ক্ষেত্রে);

১২. অসম্পূর্ণ আবেদনপত্র বাতিলযোগ্য বলে বিবেচিত হবে;

১৩. যেকোনো গবেষণা বৃত্তি প্রদানের ক্ষেত্রে আমাই-এর গবেষণা ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;

১৪. আবেদনপত্রে কোনো মিথ্যা তথ্য বা যেকোনো ধরনের জালিয়াতি গবেষণাবৃত্তি চূড়ান্তকরণের যেকোনো পর্যায়ে উদ্‌ঘাটিত হলে আবেদনপত্র/গবেষণাবৃত্তি তাৎক্ষণিক বাতিল হিসেবে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১৫. গবেষণাবৃত্তি চূড়ান্ত মনোনয়নের যেকোনো পর্যায়ে আবেদনকারী কর্তৃক/আবেদনকারীর পক্ষে যেকোনো ধরনের ব্যক্তিগত যোগাযোগ বা সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

১৬. আবেদনপত্র জমা/পৌঁছানোর শেষ তারিখ: ১৫ই অক্টোবর ২০২৩।

22/8/23

(প্রফেসর ড. হাকিম আরিফ)
মহাপরিচালক
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)